সংবাদ

তারিখ 13 NOV 2016
পৃষ্ঠা ৬ কলাম

# শাবিতে প্রতি আসনের বিপরীতে লড়বে ৩৩ জন শিক্ষার্থী

প্রতিনিধি, শাবি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ১ম সেমিস্টারের ভর্তি পরীক্ষায় প্রতি আসনের বিপরীতে লড়বে ৩৩ জন শিক্ষার্থী। ভর্তি কমিটির সদস্য সচিব অধ্যাপক এএইচএম বেলায়েত হোসাইন এ তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, এ বছর 'এ' ও 'বি' ইউনিটে ১৬৫৫ (কোটাসহ) আসনের বিপরীতে আবেদন জমা পড়েছে ৫৪,০৩৫টি। পৃথকভাবে এ ইউনিটে ৬১৩টি আসনের বিপরীতে আবেদন করেছেন ১৮,৪৮৮ জন, বি ইউনিটে ৯৫০ আসনের বিপরীতে আবেদন করেছেন ৩৫,৫৪৭ জন শিক্ষার্থী।

আগামী ২৬ নভেম্বর, সকাল সাড়ে ৯টায় 'এ' ইউনিটের এবং দুপুর আড়াইটায় 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি সংক্রান্ত যে কোন বিষয় জানতে ০১৫৫৫৫৫৫০০১-৪ হটলাইনে যোগাযোগ করে অথবা ওয়েবসাইটে www.sust.edu/admission পাওয়া যাবে।